

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়
কর্ণফুলী, চট্টগ্রাম।

স্মারক নং- ৬১

তারিখ: ২৫/০১/২০২১খ্রি.


নিয়োগ বিজ্ঞপ্তি

মহিলা বিষয়ক অধিদপ্তরধীন কিশোর-কিশোরী ক্লাব স্থাপন প্রকল্পের অধীনে দৈনিক ভিত্তিতে সম্পূর্ণ অস্থায়ীভাবে প্রকল্পের মেয়াদকালীন নিম্নোক্ত পদসমূহে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থী হিসেবে স্থায়ী নাগরিকদের নিকট থেকে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম, বেতন/সাকুল্যে বেতন	পদের সংখ্যা	যোগ্যতা
০১	সংগীত শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	০৪	এস.এস.সি পাশ এবং সংগীত বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পি/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত হতে হবে। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।
০২	আবৃত্তি শিক্ষক দৈনিক ভিত্তিক ৫০০/- (সপ্তাহে এক দিন)	০৫	এস.এস.সি পাশ এবং আবৃত্তি বিষয়ে ডিপ্লোমা/শিল্পকলা একাডেমীর প্রশিক্ষণ সনদপ্রাপ্ত/রেডিও টিভির তালিকাভুক্ত শিল্পি/সংগীত শিক্ষক হিসেবে প্রতিষ্ঠিত কোন একাডেমীতে কর্মরত হতে হবে। মহিলা প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলী:

- ১। প্রার্থীকে আগামী ০৩/০২/২০২১খ্রি. তারিখের মধ্যে উপজেলা নিবাহী অফিসার, কর্ণফুলী, চট্টগ্রাম বরাবরে লিখিত ভাবে আবেদন করতে হবে।
- ২। সংগীত শিক্ষক/আবৃত্তি শিক্ষক পদে নিয়োগ লাভের জন্য প্রার্থীকে সংশ্লিষ্ট উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে। যদি কোন কারণে সংশ্লিষ্ট উপজেলায় যোগ্যপ্রার্থী পাওয়া না যায় তাহলে পার্শ্ববর্তী উপজেলা হতে প্রার্থীকে নিয়োগ দেয়া হবে।
- ৩। সরকার নির্ধারিত কোটায় (শহীদ বীর মুক্তিযোদ্ধা/ শহীদ বীর মুক্তিযোদ্ধার সন্তানদের সন্তান/এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি, আনসার ও ভিডিপি) প্রার্থীদের ক্ষেত্রে কোটা সংক্রান্ত বিষয়ে সর্বশেষ সরকারি সিদ্ধান্ত প্রযোজ্য হবে।
- ৪। ১০/০১/২০২১ইং তারিখে সংশ্লিষ্ট পদের প্রার্থীদের বয়স অনূর্ধ্ব ৩০ হতে হবে। শহীদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা, পুত্র-কন্যার পুত্র-কন্যা, প্রতিবন্ধী ও অন্যান্য প্রযোজ্য ক্ষেত্রে বয়সের সর্বোচ্চ সীমা ৩২ বছর।
- ৫। আবেদনপত্রের সাথে প্রার্থীর সম্প্রতি তোলা ৩(তিন) কপি পাসপোর্ট সাইজের রসিদ ছবি সংযুক্ত করতে হবে।
- ৬। আবেদনপত্রের খামের উপর ডান পার্শ্বে পদের নাম, নিজ উপজেলা, ও জেলার নাম উল্লেখ করতে হবে। বিশেষ কোটায় আবেদনকারীকে খামের উপর কোটার নাম উল্লেখ করতে হবে।
- ৭। আবেদন পত্রে শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদ, জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদ, নাগরিকত্ব সনদ জমা দিতে হবে। সকল সনদপত্র গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামাঙ্কিত সীল সহ সত্যায়িত করে দাখিল করতে হবে।
- ৮। নির্ধারিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র এবং অসম্পূর্ণ/ ক্রটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৯। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিউ/ ডিএ প্রদান করা হবে না।
- ১০। কর্তৃপক্ষ কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগের যে কোন স্থগিত/ বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।


শাহিনা সুলতানা


উপজেলা নিবাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম।

স্মারক নং- ৬১

তারিখ: ২৫/০১/২০২১খ্রি.

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
- ২। উপ-পরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, চট্টগ্রাম।
- ৩। চেয়ারম্যান উপজেলা পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।
- ৪। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কর্ণফুলী, চট্টগ্রাম।
- ৫। চেয়ারম্যান(সকল) ইউনিয়ন পরিষদ, কর্ণফুলী, চট্টগ্রাম।
- ৬। নোটিশ বোর্ড, সকল অফিস, কর্ণফুলী, চট্টগ্রাম।
- ৭। অফিস কপি।


শাহিনা সুলতানা
উপজেলা নির্বাহী অফিসার
কর্ণফুলী, চট্টগ্রাম।